

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০০.৪৯.০০২.২৩.২২৯৪

তারিখ-২৯.১১.২০২৩ খ্রি।

"বিজ্ঞপ্তি"

বিষয়ঃ নারায়ণগঞ্জ জেলাধীন নারায়ণগঞ্জ সিএসডি ও ৩টি এলএসডি তথা মুড়াপাড়া/সোনারগাঁ/গোপালদী এর শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগ কার্যক্রম স্থগিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলাধীন নারায়ণগঞ্জ সিএসডি ও ৩টি এলএসডি তথা মুড়াপাড়া/সোনারগাঁ/গোপালদী এলএসডিতে আগামী ০২(দুই) বছরের (চুক্তি সম্পাদনের তারিখ হতে ০২ বছর) জন্য প্রতিটিতে ০১(এক) জন করে শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগকল্পে অত্র দপ্তরের ০৫.১১.২০২৩ তারিখের ২১০১নং স্মারকে দরপত্র বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। উক্ত দরপত্র বিজ্ঞপ্তি অনুযায়ী ০৫.১১.২০২৩ তারিখ হতে ৩০.১১.২০২৩ তারিখ পর্যন্ত সিডিউল বিক্রয়ের শেষ দিন ধার্য ছিল।

পরবর্তীতে জনৈক মোঃ কবির আলম, পিতা-আনোয়ার মিয়া, সাং-মাজেরগাও, থানা-দোয়ারা বাজার, জেলা-সুনামগঞ্জ কর্তৃক উক্ত শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার নিয়োগ বিজ্ঞপ্তির বিরুদ্ধে বিজ্ঞ সহকারী জজ আদালত দোয়ারা বাজার, সুনামগঞ্জ-এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৮২/২০২৩, তারিখ-২২.১১.২০২৩ অদ্য ২৯.১১.২০২৩ তারিখ অত্র দপ্তর প্রাপ্ত হয়। উক্ত মোকদ্দমায় বিজ্ঞ সহকারী জজ আদালত দোয়ারা বাজার, সুনামগঞ্জ “ইতোমধ্যে আগামী ধার্য তারিখ পর্যন্ত উভয় পক্ষকে স্থিতাবস্থা বজায় রাখার জন্য নির্দেশ দেওয়া গেল” মর্মে জানিয়েছেন। এক্ষেপে, বিজ্ঞ সহকারী জজ আদালত দোয়ারা বাজার, সুনামগঞ্জ কর্তৃক অস্থায়ী নিষেধাজ্ঞার কারণে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নারায়ণগঞ্জ জেলাধীন নারায়ণগঞ্জ সিএসডি ও ৩টি এলএসডি তথা মুড়াপাড়া/সোনারগাঁ/গোপালদী এলএসডি'র শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের সকল কার্যক্রম স্থগিত করা হলো।

স্বাক্ষরিত/-

(আসমা উল হোসনা)

জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)

নারায়ণগঞ্জ।

তারিখ-২৯.১১.২০২৩ খ্রি।

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০০.৪৯.০০২.২৩.২২৯৪(১৬)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/চসসা/হিসাব ও অর্থ/সববি/সংগ্রহ/পটকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট বিভাগ।
- ৫। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৬। সাইলো সুপার (সকল),
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
- ৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, নারায়ণগঞ্জ।
- ১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক,(সকল)।
- ১১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
- ১২। ব্যবস্থাপক,(সকল) সিএসডি।
- ১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,(সকল), নারায়ণগঞ্জ জেলা।
- ১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা,(সকল) এলএসডি, নারায়ণগঞ্জ জেলা।
- ১৫। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- ১৬। অফিস কপি।

২৯-১১-২০২৩

জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)

নারায়ণগঞ্জ।